# TAJWEED

**'**আরবি হরফ ২৯ টি **;** পড়তে হয় ৩ ভাবে**-** টান ছাড়া**,** কম টান**,** বেশী টান**'**

১. ا আলিফ
(টান ছাড়া; পাতলা)
**~হলকের শুরু হইতে।**
*আলিফ উচ্চারণে ৪ কাজঃ
সামনের উপরের দাঁত, নিচের ঠোঁটের পেট, বাতাস চালু থাকবে, মুখে হাসি ভাব থাকবে।

২. ب বা
(কম টান, পাতলা)
**~দুই ঠোঁটের ভেজা জায়গা হইতে।**

৩. ت তা
(কম টান, পাতলা)
**~জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোঁড়ার সাথে লাগাইয়া।**

৪. ث ছা
(কম টান, পাতলা)
**~জিহবার আগা দাঁতের আগা নরম আওয়াজ কম টান।**

৫. ج জীম
(বেশী টান, পাতলা)
**~জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*শক্ত মজবুত আওয়াজে।

৬. ح হা
(কম টাম, পাতলা)
**~কন্ঠনালীর মধ্যখান হইতে বাতাসকে চাপাইয়া।**

৭. خ খ
(কম টান, মোটা)
**~কন্ঠনালীর শেষভাগ হইতে আওয়াজকে প্যাঁচাইয়া।**

৮. د দাল
(বেশী টান, পাতলা)
**~জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোঁড়ার সাথে লাগাইয়া।**
*বাংলা 'দ' এর মতো

৯. ذ যাল
(বেশী টান, পাতলা)
**~জিহবার আগা দাঁতের আগা নরম আওয়াজ বেশী টান।**
*আরবী 'ছা' এর মতো উচ্চারণ

১০. ر র
(কম টান)
**~জিহবার আগার উল্টাপিঠ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*বাংলা 'র' এর মতো
**যবর পেশ থাকলে মোটা; যের থাকলে পাতলা

১১. ز ঝা
(কম টান, পাতলা)
**~জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের গোড়ার সঙ্গে লাগাইয়া।**
*ঝিঁঝিপোকার আওয়াজে, বাংলা 'ঝা' এর মতো

১২. س ছীন
(বেশী টান, পাতলা)
**~জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের গোঁড়ার সঙ্গে লাগাইয়া।**
*ইংরেজি 'C' এর মতোন চিকন আওয়াজে

১৩. ش শীন
(বেশী টান, পাতলা)
**~জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*শশশ এর 'শ' মতোন

১৪. ص ছোয়োদ
(বেশী টান, মোটা)
**~জিহবার আগা সামনের নিচের দাঁতের আগার সাথে লাগাইয়া।**
*মোটা আওয়াজে

১৫. ض দোয়োদ
(বেশী টান, মোটা)
**~জিহবার গোঁড়ার কিনারা উপরের মাড়ির দাঁতের গোঁড়ার সাথে লাগাইয়া।**

১৬. ط ত্ব
(কম টান, মোটা)
**~জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোঁড়ার সাথে লাগাইয়া।**

১৭. ظ য্ব
(কম টান, মোটা)
**~জিহবার আগা দাঁতের আগা নরম আওয়াজ মোটা।**

১৮. ع আইন
(বেশী টান, পাতলা)
**~কন্ঠনালীর মধ্যখান হইতে আওয়াজ কে চাপাইয়া।**

১৯. غ গইন

(বেশী টান, পাতলা)
**~কন্ঠনালীর শেষভাগ হইতে আওয়াজকে প্যাঁচাইয়া।**

২০. ف ফা
(কম টান, পাতলা)
**~উপরের দাঁতে নিচের ঠোঁটের পেট বাতাস চালু।**

২১. ق ক্বফ
(বেশী টান, মোটা)
**~জিহবার গোঁড়া তারবরাবর উপরের তালুর সাথে লাগাইয়া**
*দাঁড়কাকের আওয়াজে ক্বফ।

২২. ك কাফ
(বেশী টান, পাতলা)
**~জিহবার গোঁড়া হইতে একটু আগ বাড়াইয়া তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**
*পাতি কাকের আওয়াজে কাফ

২৩. ل লাম
(বেশী টান, পাতলা)
**~জিহবার আগার কিনারা সামনের উপরের দাতের পিছনের মাড়ির সাথে লাগাইয়া।**
*বাংলা ল আকার লা এর মতো লাম
*মুখ পাশ  থাকবে

২৪. م মীম
(বেশী টান, পাতলা)
**~দুই ঠোঁটের শুকনো জায়গা হইতে মীম।**

২৫. ن নূন
(বেশী টান, পাতলা)
**~জিহবার আগা তালুর সাথে লাগাইয়া।**
*দন্ত্যন এর মতো উচ্চারণ

২৬. و ওয়াও
(বেশী টান, পাতলা)
**~ দুই ঠোঁটের মধ্যখান হইতে।**
*দুই ঠোঁট গোল করে, পাশ করে আবার গোল

২৭. ه হা
(কম টান, পাতলা)
**~কন্ঠনালীর শুরু হইতে।**
*বাংলা হ আকার হা এর মতো

২৮. ء হামঝাহ
(টান ছাড়া, পাতলা)
**~কন্ঠনালীর শুরু হইতে।**

২৯. ى ঈয়া
(কম টান, পাতলা)
**~জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া।**

Note:
*মোটা হরফ ৭ টিঃ ق , خ , غ , ظ , ط , ض ,ص
*মোটা হরফ উচ্চারণে মুখ উপর নিচ থাকবে।
*পাতলা হরফ উচ্চারণে মুখ পাশ থাকবে।
*বানান করতে একটি হরফ লাগলে কম টান।
*বানান করতে বেশি হরফ লাগলে বেশি টান।
*টান ছাড়া দুইটি হরফ- ء , ا
[Module 01-09]

## হরফের উচ্চারণের পার্থক্য (মডিউল ১০,১১)

ا - ع - ى
ب - و
ت - ط
ث - س - ص - ش
ج - ذ - ز - ظ
ح - ه
د - ض
ق - ك

• আরবী ২৯ টি হরফের মধ্যে **৬ টি হরফ কন্ঠনালীর মধ্যখান হইতে উচ্চারিত হয়- *হুরুফে হালকি*।**

ء , ه , ع , ح , غ , خ

• **কাছাকাছি হরফ**

*জ্বীম, শীন, ঈয়া*
~ জিহবার মধ্যভাগ তার বরাবর উপরের তালুর সাথে লাগাইয়া ; শক্ত মজবুত আওয়াজে।

*জ্ব, যাল, ছা*
~ জিহবার আগা দাঁতের আগা।

*ত্ব, দাল, তা*
~ জিহবার আগা সামনের উপরের দুই দাঁতের গোড়ার সাথে লাগাইয়া।

*ছোয়োদ, ছীন, ঝা*
~ জিহবার আগা সামনের নিচের দুই দাঁতের সাথে লাগাইয়া।

*আইন, হা*
~ কন্ঠনালীর মধ্যভাগ হইতে আওয়াজকে চাপাইয়া

*গইন, খ*
~ কন্ঠনালীর মধ্যখান হইতে আওয়াজকে প্যাঁচাইয়া।


Note:

- হায়ে হুত্তি - বড় হা ~ গলা চাপিয়ে উচ্চারিত হয়।
- হায়ে হাওয়াজ - ছোটো হা ~ গলা ছেড়ে উচ্চারিত হয়।
- লামে তাকিদ - লা শব্দে টান না দিলে অর্থ পরিবর্তন হয়ে যায়।

[Module 10,11]

## যুক্ত হরফ শিক্ষা (মডিউল ১২,১৩)

নকশা-



*"১ দাঁত, হা এর মাথা, ৩ দাঁত, ছোয়োদ এর মাথা, ত্ব আইন এর মাথা, গোল মাথা, লামের মাথা, মীম "*

- ১ দাঁত দিয়ে ৫ হরফ

**ب, ت, ث, ن, ي**

*বাক্যের সবশেষে তা হলে সেটা 'গোল তা' হয়।

- হা এর মাথা দিয়ে ৩ হরফ

**ج, ح, خ**

- ৩ দাঁত দিয়ে ২ টি হরফ

س, ش

- ছোয়োদ এর মাথা দিয়ে ২ টি হরফ

ص, ض

- ত্ব দিয়ে ২ হরফ

ط, ظ

- আইন এর মাথা দিয়ে ২ হরফ

ع, غ

*মাঝে এবং শেষে চ্যাপ্টা মাথা চিনে রাখতে হবে।*

- গোল মাথা দিয়ে ২ হরফ

ف, ق

- লাম এর মাথা দিয়ে ৩ হরফ


  ل (শুরুতে, মাঝে আসলে), ا (শেষে আসলে), ك (মাথার উপরে আড়াআড়ি দাগ থাকলে)
- মীম দিয়ে ২ হরফ

م, ه

[Module 12,13]

**হারাকাত তানভীন (মডিউল ১৪,১৫)**

লাইন-




*'আরবীতে আকার একার ৫ টি -*
*যবর, যের, পেশ, জজম, তাশদীদ'*

*'১ যবর, ১ যের, ১ পেশ কে হরকত বলে।*
*হরকত এর উচ্চারণ তাড়াতাড়ি করতে হয়।'*
আ, ই , উ

*'২ যবর, ২ যের, ২ পেশ কে তানভীন বলে।*
*তানভীন এর উচ্চারণ তাড়াতাড়ি করতে হয়।*

*গুণগুণ আওয়াজে পড়িতে হয়।'*
আন, ইন, উন

*'জজম ওয়ালা হরফ একা পড়া যায় না।*
*ডানদিকের হরকতের উচ্চারণের সঙ্গে,*
*একত্রে একবার পড়িতে হয়।'*

اَلْ, حَمْ

হামযাহ লাম যবর=আল, হা মীম যবর=হাম

*'তাশদীদ ওয়ালা হরফ ২ বার পড়িতে হয়।*
*প্রথমবার ডানদিকের হরকতের উচ্চারণের সঙ্গে, (জজম এর মতো)*
*দ্বিতীয়বার নিজ হরকতের উচ্চারণ'*

لِلّٰ

লাল লাম যের লিল, লাম খাড়া যবর লা=লিল্লা

Note:

- শব্দের শুরুতে আলিফ খালি থাকলে যবর দিয়ে পড়তে হয়।
- আলিফ এর সাথে কোনোকিছু থাকলে সেটা হামঝাহ।

[Module 14,15]

**মাদ্দ এর লাইন (মডিউল ১৬, ১৭, ১৮,)**

মাদ্দ শব্দের অর্থ টেনে পড়া।
টান ২ প্রকারঃ
১. কম টান ২. বেশি টান

**কম টান-** ১ আলিফ টান

•

*"যবর এর বাম পাশে খালি আলিফ মাদ্দের হরফ*
*পেশ এর বাম পাশে জজমওয়ালা ওয়াও মাদ্দের হরফ*
*যের এর বাম পাশে জজমওয়ালা ঈয়া মাদ্দের হরফ।*
*মাদ্দের হরফ হইলে ডানদিকের হরকতের উচ্চারণ ১ আলিফ টানিয়া পড়িতে হয়, ইহাকে মাদ্দে তবায়ী বলে।"*

**بَا, بُوْ, بِيْ**

বা আলিফ যবর বা, বা ওয়াও পেশ বু, বা ঈয়া যের বি

•

*"খাড়া যবর, খাড়া যের, উল্টা পেশ হইলে ১ আলিফ টানিয়া পড়িতে হয়, ইহাকেও মাদ্দে তবায়ী বলে।"*

**بٰ, بٖ, بٗ**

বা খাড়া যবর বা, বা খাড়া যের বি, বা উল্টা পেশ বু

**বেশী টান-** ৩ আলিফ (ঢেউখেলানো চিহ্ন) ও ৪ আলিফ টান (তরবারীর চিহ্ন)

Note-

*মাদ্দে তবায়ীর পরে যদি হামঝাহ, জজম, তাশদীদ আসে তাহলে সেখানে ১ আলিফের জায়গায় ৩/৪ আলিফ টান হবে।
(আলিফ থেকে হামঝাহ হলে ৩ আলিফ, সরাসরি হামঝাহ হলে ৪ আলিফ)
[Module 16, 17, 18]

## গুন্নাহের লাইন (মডিউল ২০)

গুন্নাহ মানে গুণগুণ করে পড়া।
গুন্নাহ ৩ প্রকার।
১. مّ - نّ
নূনে মীমে তাশদীদের গুন্নাহ
২. مْ
মীম সাকিনের গুন্নাহ
৩. (তানভীন) ও نْ
নূন সাকিন ও তানভীন এর গুন্নাহ

•

*"গুন্নাহর হরফ ২ টি।*
*নূন আর মীম।*
*এই ২ হরফে তাশদীদ হলে গুন্নাহ চিরদিন।"*

•

মীম সাকিন এর অবস্থা দুইটি। গুন্নাহ হতেও পারে, নাও হতে পারে।
*"মীম সাকিন এর পরে যদি বা অথবা মীম আসে*
*গুন্নাহ হবে, অন্যথায় হবেনা।"*

•

নূন সাকিন ও তানভীন এর অবস্থাও দুইটি। গুন্নাহ হতেও পারে, নাও হতে পারে।

*"নূন সাকিন এর পরে যদি ৮ হরফ আসে*
*গুন্নাহ হবে না, অন্যথায় হবে।"*
*"হামঝাহ, হা, আইন, হা, গইন, খ, র, লাম -*
*এই আট হরফ ব্যতীত অন্য হরফ আসিলে গুন্নাহ হবে।"*

Note-

*নূনে মীমে তাশদীদের গুন্নাহ- ওয়াজিব গুন্নাহ।
*মীম সাকিন, নূন সাকিন পেলেই গুন্নাহ হবেনা।
*নূন সাকিন ও তানভীন পাওয়ার সঙ্গে সঙ্গে আমরা থেমে যাবো।

[Module 20]

**ওয়াক্কফ**

ওয়াক্কফ অর্থ থামা বা থেমে যাওয়া।
যেখানে ওয়াক্কফ করবো সেখানে হরকত, তানভীন ইত্যাদি থাকবে।
আয়াতের শেষে আমরা ওয়াক্কফ করবো বা থামবো।

- *আমরা যে হরফে থামবো সে হরফে যদি দুই যবর বা খাড়া যবর থাকে তাহলে এক আলিফ টেনে পড়বো।*

উদাঃ
**ضَبْحًا**
দ্ববহান > 'দ্ববহাআ'
**تَجَلّٰي**
'তাজাল্লাআ'

- *ওয়াক্কফের হরফে এক যবর, এক যের, এক পেশ, দুই যের, দুই পেশ হলে সাকিন করে ফেলবো।*

উদাঃ
**صَدْرَكَ**
ছদরকা > 'ছদরক'

- *লীনের হরফের পরের হরফে ওয়াক্কফ করলে ১-৩ আলিফ টেনে পড়বো। (যেমনঃ যবর এর বাম পাশে জজমওয়ালা ওয়াও বা ঈয়া।)*

উদাঃ

**خَوْفٍ**

খওফিন > 'খওওফ'

- *মাদ্দে ত্ববায়ীর পরের হরফে ওয়াক্কফ করলে ৩ আলিফ টেনে পড়বো। (যেমনঃ যবর এর বামে খালি আলিফ, যেরের বামে জজমওয়ালা ঈয়া, পেশের বামে জজমওয়ালা ওয়াও, খাড়া যবর, খাড়া যের, উলটা পেশ)*

উদাঃ

**مِسْكِيْنَ**

মিসকিইনা > মিসকিইইইন

- *ওয়াক্কফের হরফে গোল তা 'ة' আসলে সেটাকে হা 'ہ' উচ্চারণে পড়বো।*

উদাঃ

**اَلْقَارِعَةُ**

আলক্করিয়াতু > 'আলক্করিয়াহ'

- *ওয়াক্কফের হরফে তাশদীদ থাকলে তাশদীদের উচ্চারণে পড়বো।*

উদাঃ

**لَهَبٍوَّتَبَّ**

'লাহাবিওওয়াতাব্বা'

(এখানে 'তাব্বা' এর যবর এর উচ্চারণ টা অনেক হাল্কাভাবে আসবে। উচ্চারণের জন্য ভিডিওর ১ ঘন্টা ৩২ মিনিট থেকে দেখা যেতে পারে।)

Note:

*ওয়াক্কফের চিহ্নে মীম **'م'** থাকলে অবশ্যই থামতে হবে।

*ওয়াক্কফের চিহ্নে লাম আলিফ **'لا'** থাকলে পরের শব্দের সাথে মিলিয়ে পড়া যাবে। এই মিলিয়ে পড়াটা মুস্তাহাব।

[Class No 18
Ramadan Course]

**ক্বলক্বলা**

ক্বলক্বলার অর্থ প্রতিধ্বনি। ক্বলক্বলার হরফগুলো উচ্চারণের ক্ষেত্রে আওয়াজ প্রতিধ্বনিত হয়। অর্থাৎ বল ছুড়ে মারলে যেমন ফিরে আসে তেমন ক্বলক্বলার হরফগুলোও উচ্চারণে ফিরে আসে।

- **ক্বলক্বলার হরফ ৫ টি।**

**ق, ط, ب, ج, د**

উদাঃ

**اَحَدَ**

আহাদা > 'আহাদ্ব'

**صَمَدُ**

ছমাদু > 'ছমাদ্ব'

[Class No 19
from Ramadan Course]

~Note from 201 Batch

***